

বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট

ঈশ্বরদী-৬৬২০, পাবনা।

৩০/০৪/২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত কৃষি মন্ত্রণালয়ের আওতায়
বিএসআরআই কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচিসমূহের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

গত ৩০/০৪/২০২০ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত কৃষি মন্ত্রণালয়ের আওতায় বিএসআরআই কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচিসমূহের মাসিক অগ্রগতি বিষয়ক এক সভা বিএসআরআই এর ইয়াসিন আলী প্রশিক্ষণ ভবনের ট্রেনিং ক্লাসরুমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মাধ্যমে নিরাপদ দূরত্ব বজায় রেখে স্বাস্থ্যবিধি অনুসরণ করে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন অত্র ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মো. আমজাদ হোসেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা সংযোজনী 'ক' তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি ত্রিশ লক্ষ শহীদ ও দুই লক্ষ মা-বোনের ত্যাগের বিনিময়ে অর্জিত বাংলাদেশের স্বাধীনতা এবং সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ ১৫ আগস্ট ১৯৭৫ খ্রি. নিহত তাঁর পরিবারবর্গ এবং জাতীয় চার নেতাসহ মহান মুক্তিযুদ্ধে জীবন উৎসর্গকারী জাতির শ্রেষ্ঠ সন্তানদের ও অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ার লক্ষ্যে আত্মদানকারী সকল শহীদদের এবং চলমান করোনা দুর্যোগে মৃত্যুবরণকারী সকলের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং সভায় উপস্থিত সকলকে মুজিববর্ষের শুভেচ্ছা জানান। অতঃপর দেশব্যাপী চলমান করোনা ভাইরাস মহামারিতে যার যার কর্মস্থলে অবস্থানরত প্রত্যেকের কুশলাদি জিজ্ঞেস করেন এবং সকলকে স্বাস্থ্যবিধি মেনে নিজেদের দায়িত্ব পালন করার ব্যাপারে নির্দেশনা দেন। সভার এ পর্যায়ে সভাপতি উপস্থিত সকলকে সভার আলোচ্যসূচী অনুযায়ী মতামত প্রদানের জন্য আহ্বান জানান।

আলোচ্যসূচী-ক: বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি

সিদ্ধান্ত নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়ন অগ্রগতি
১.	বিভাগীয় প্রধানগণ কম্পোনেন্টের দায়িত্ব পালন এসও এবং এসএসওদের সঙ্গে এবং নিজ বিভাগের সহকর্মীদের নিয়ে মাসে কমপক্ষে দুইটি সভা করে সভার কার্যবিবরণী মহাপরিচালকের দপ্তরে ই-নথিতে জমা প্রদান করবেন।	সকল বিভাগ নির্দেশ মোতাবেক দুইটি সভা করে সভার কার্যবিবরণী মহাপরিচালকের দপ্তরে জমা প্রদান করেছে।
২.	প্রতি মাসে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত কৃষি মন্ত্রণালয়ের আওতায় বিএসআরআই কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচিসমূহের উপর মাসিক অগ্রগতি বিষয়ক সভা অনুষ্ঠিত হবে।	প্রতি মাসে মাসিক অগ্রগতি বিষয়ক সভা আয়োজন করা হচ্ছে।
৩.	এসআইআরএফ প্রকল্পের ন্যায় অনুরূপ একটি প্রকল্প প্রণয়ন করতে হবে।	এসআইআরএফ প্রকল্পের ছায়া প্রকল্পের সার-সংক্ষেপ তৈরী করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
৪.	সুগারবিটের গবেষণা জোরদার করতে হবে।	সুগারবিটের পোস্ট হার্ভেস্ট গবেষণা হাতে নেয়া হয়েছে এবং অন্যান্য গবেষণা জোরদার করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।
৫.	মাড়াই যন্ত্র বিতরণকালে সংশ্লিষ্ট চাষীদের হাতে কলমে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। [দায়িত্ব: প্রকল্প পরিচালক ও প্রধান, কৃষি প্রকৌশল বিভাগ]	মাড়াই যন্ত্র বিতরণকালে সংশ্লিষ্ট চাষীদের হাতে কলমে প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে।
৬.	তাল, খেজুর ও গোলপাতার বিষয়ক গবেষণা ও উন্নয়ন প্রকল্পের ডিপিপি প্রণয়ন করতে হবে [দায়িত্ব: প্রধান, শারীরতত্ত্ব ও চিনি রসায়ন বিভাগ]	প্রকল্পের রূপরেখা প্রণয়নের কাজ চলছে।
৭.	মিষ্টি জাতীয় ফসলের জার্মপ্লাজম সংগ্রহ বিষয়ক প্রকল্পের ডিপিপি প্রণয়ন করতে হবে। [দায়িত্ব: প্রধান, প্রজনন বিভাগ]	প্রাথমিক তথ্য সংগ্রহের কাজ চলছে।
৮.	মৌমাছি ও মধু বিষয়ক গবেষণা জোরদারকরণ প্রকল্পের ডিপিপি প্রণয়ন করতে হবে। [দায়িত্ব: প্রধান, কীটতত্ত্ব বিভাগ]	প্রাথমিক তথ্য সংগ্রহের কাজ চলছে।
৯.	দাপ্তরিক জরুরী কাজে নিয়োজিত থাকার কারণে চলমান প্রকল্প/কর্মসূচি	সকল অনুপস্থিত প্রকল্প/কর্মসূচী পরিচালক/

সিদ্ধান্ত নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়ন অগ্রগতি
	পরিচালক/পিআই যদি এডিপি মাসিক অগ্রগতি সভায় উপস্থিত না থাকতে পারেন তাহলে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে চলমান প্রকল্প/কর্মসূচির অগ্রগতি সম্পর্কে অবহিত করতে হবে। [দায়িত্ব: সকল প্রকল্প/কর্মসূচি পরিচালক/পিআই]	পিআইগণ স্ব স্ব বিভাগীয় প্রধানকে প্রকল্প/কর্মসূচী বাস্তবায়ন অগ্রগতি অবহিত করেছেন।

আলোচ্যসূচী-খ : প্রকল্প/কর্মসূচির আর্থিক ও বাস্তব অগ্রগতি পর্যালোচনা

এবিষয়ক আলোচনার শুরুতেই ড. মো. আমজাদ হোসেন, মহাপরিচালক বলেন, পার্বত্য চট্টগ্রামে বাস্তবায়নাধীন দুইটি প্রকল্পের ২০১৯-২০ অর্থ বছরের তিন কোয়ার্টারে প্রাপ্ত অর্থের সমুদয় খরচ হয়েছে। ড. সমজিৎ কুমার পাল, পরিচালক (গবেষণা) ও প্রকল্প পরিচালক, বিএসআরআই এর গবেষণা কার্যক্রম জোরদারকরণ প্রকল্প বলেন, মার্চ, ২০২০ খ্রি. পর্যন্ত তার প্রকল্পের আর্থিক অগ্রগতি ৬৫.০০%। তিনি জানান, তার প্রকল্পের কার্যক্রম এ দুর্যোগের মধ্যেও চলমান রয়েছে। আলোচনার এ পর্যায়ে সভাপতি কর্মসূচি পরিচালকদের কোন সমস্যা আছে কিনা জানতে চাইলে কর্মসূচি পরিচালকগণ কোন সমস্যা নেই মর্মে সভাকে অবহিত করেন।


আলোচ্যসূচী-গ: বিবিধ

বিবিধ আলোচনায় অংশগ্রহণ করে ড. কুয়াশা মাহমুদ, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান, বায়োটেকনোলজি বিভাগ, ড. মো. মাহবুবুর রহমান, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রজনন বিভাগ, ড. মো. জাহাঙ্গীর আলম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষিতত্ত্ব ও ফার্মিং সিস্টেমস বিভাগ তাদের আলোচনা উপস্থাপন করেন এবং তাদের গবেষণার অগ্রগতি সভাকে অবহিত করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

সিদ্ধান্তসমূহঃ

১. সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় ইনস্টিটিউট এর উন্নয়নকল্পে সকলের সহযোগিতা কামনা করে এবং সবাইকে পুনরায় শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (ড. মো. আমজাদ হোসেন)
 মহাপরিচালক (চলতি দায়িত্ব)